

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ৬, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
রুগুনি-১ অধিশাখা
প্রজ্ঞাপন

তারিখ, ১৭ মাঘ ১৪২০/ ৩০ জানুয়ারি ২০১৪

নং ২৬.০০.০০০০.১০০.৪২.১১.১৩/১৭—বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর ১০(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশসমূহ ব্যতীত অন্যান্য দেশের জন্য বাণিজ্য মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং বাম/র-১/বিবিধ-৫/২০১০/২৭ তারিখ ১৪-২-২০১১ এর মাধ্যমে কোন পণ্যের উৎস, পরিমাণ ও ওজন সম্পর্কে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সার্টিফিকেট অব অরিজিন (সি.ও) জারী করার জন্য বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রি (বিসিআই)-কে ৩১-১২-২০১২ পর্যন্ত ক্ষমতা প্রদান করা হয়। উক্ত আদেশের ধারাবাহিকতায় বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রি (বিসিআই)-কে সি.ও জারীর ক্ষমতা আগামী ১(এক) বছর অর্থাৎ ০১-০১-২০১৪ হতে ৩১-১২-২০১৪ পর্যন্ত বৃদ্ধি করা হলোঃ

- সি.ও ফরম গ্রহণকারী ফার্মের পূর্ণ ঠিকানা রেজিস্টারে লিপিবদ্ধ করবে;
- পূরণকৃত সি.ও ফরম সংশ্লিষ্ট দলিলাদির সাথে মিলিয়ে সই ও সীলযুক্ত করে ইস্যু করবে;
- ইস্যুকৃত সি.ও ফরম এর অনুলিপি সংরক্ষণ করবে;
- বিসিআই মহাসচিব এর তত্ত্বাবধানে সি.ও ইস্যু করা হবে; এবং
- মন্ত্রণালয়ে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল করবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ সাইদুর রহমান সেলিম
উপ-সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd

(৪১৯৭)

মূল্য : টাকা ৪.০০